

মিরপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

শিক্ষার্থীদের বিশ্বমানের শিক্ষায় শিক্ষিত করা এবং সুনামগরিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গৃহীত আমাদের কর্মসূচিসমূহঃ

Student recognition Card

১। শিক্ষাক্ষেত্রে শিক্ষার্থীদের মধ্যে সুস্থ প্রতিযোগিতা ও তীব্র প্রতিদ্বন্দ্বিতা সৃষ্টির লক্ষ্যে আমরা Student recognition card নামে একটি প্রজেক্ট চালু করেছি। সেজন্যে নিম্নে বর্ণিত পদক্ষেপসমূহ গ্রহণ করা হয়েছেঃ

ক। ক্লাসে কোন শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রমে অসাধারণ নৈপুণ্য প্রদর্শনের জন্যে প্রতি সপ্তাহে বিষয় শিক্ষক তাঁর শেষ কর্ম দিবসে শিক্ষার্থীদের মধ্য থেকে সেরা শিক্ষার্থীকে একটি গ্রীন কার্ড প্রদান করবেন।

খ। উপস্থিতি, শৃঙ্খলা ও শিষ্টাচার বিচারপূর্বক প্রতিটি শ্রেণির শ্রেণি শিক্ষক সপ্তাহ শেষে শিক্ষার্থীদের মধ্য থেকে একজনকে শ্রেষ্ঠ নির্বাচন করে গ্রীন কার্ড প্রদান করবেন।

গ। সহশিক্ষা কার্যক্রমে বড় ধরনের সাফল্যের জন্যে সংশ্লিষ্ট ক্লাব মডারেটর সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষককে অবহিত করে কৃতী শিক্ষার্থীদের গ্রীন কার্ড প্রদান করবেন।

ঘ। প্রতি মাসের শেষে সর্বোচ্চ গ্রীন কার্ডধারীকে প্রাত সমাবেশে অভিভাবকদের উপস্থিতিতে অধ্যক্ষ মহোদয় গোল্ড কার্ড এবং ক্রেস্ট প্রদান করবেন।



Multimedia Classroom

২। শৈল্পিক, আনন্দময় ও শিক্ষাবান্ধব পরিবেশে শিক্ষা প্রদানের লক্ষ্যে এবং শ্রেণিকক্ষের সর্বশেষ বেঞ্চে শিক্ষার্থীও যেন পাঠ শুনতে পায় সে জন্যে প্রতিটি ক্লাসে চীনের বেইজিং এ প্রচলিত উচ্চ ক্ষমতা সম্পন্ন ইনটিগ্রেটেড ও সারাউন্ড সাউন্ডসিস্টেম পদ্ধতি চালু করা হয়েছে। এ অত্যাধুনিক সাউন্ডসিস্টেমের মাধ্যমে অধ্যক্ষ মহোদয় কেন্দ্রীয়ভাবে প্রতিটি শ্রেণি কক্ষে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তাৎক্ষণিক শিক্ষা সহযোগী বার্তা ও বক্তব্য প্রদান করতে পারেন। আমাদের প্রতিটি শ্রেণি কক্ষে মাল্টিমিডিয়া ক্লাস নেয়ার সু-ব্যবস্থা রয়েছে।



Edutainment

৩। আধুনিক যুগের সাথে তাল মিলিয়ে উন্নত শিক্ষা ব্যবস্থার পাশাপাশি শিক্ষার্থীদের জ্ঞান বৃদ্ধির জন্য বিভিন্ন শিক্ষামূলক তথ্য চিত্র, বাচ্চাদের উপযোগী কন্টেন্ট, ডকুমেন্টারি ফিল্ম এবং শিক্ষামূলক সিনেমা প্রদর্শনের মাধ্যমে আমাদের কোমলমতি শিক্ষার্থীদের সানন্দে শিক্ষা প্রদানের লক্ষ্যে আমরা Edutainment প্রজেক্ট চালু করেছি। বিষয় সংশ্লিষ্ট নাটক, উপন্যাস, গ্যালাক্সি, জুরাসিকপার্ক ইত্যাদি ডিজিটাল স্ক্রীনে দেখানোর মাধ্যমে শিক্ষার্থীদের মধ্যে বিনোদন সহযোগে শিক্ষা প্রদানের চেষ্টা করা হচ্ছে। এতে করে শিক্ষার্থীরা খুব আনন্দের সঙ্গে পাঠ্য বিষয়গুলো উপভোগ এবং আত্মস্থ করছে।



Club Activities

৪। প্রতিষ্ঠানের সব শিক্ষার্থী সব বিষয়ে সমানভাবে দক্ষ নয়। শিক্ষার্থীদের বৈচিত্র্যময় ও বহুমাত্রিক জ্ঞানের যথার্থ ও পরিপূর্ণ বিকাশের লক্ষ্যে সহশিক্ষা কার্যক্রমকেও আমরা সমান গুরুত্ব দিচ্ছি। আর তাই ২৪টি ক্লাবে নিয়মিত অনুশীলনের মাধ্যমে আমরা শিক্ষার্থীদের সৃজনশীল মেধার পরিচর্যা করেছি। এ ক্লাবসমূহের শিক্ষার্থীবৃন্দ জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে সাফল্যের স্বাক্ষর রেখে চলেছে।



Anti Bullying Project

৫। শিক্ষার্থীদের অশোভন উক্তি ও আচরণ প্রতিহত করে সংশোধন করার জন্যে আমরা পাশ্চাত্যের দেশগুলোর মত Anti Bullying Project চালু করেছি এবং এরই মধ্যে শিক্ষার্থীদের মধ্যে এর ইতিবাচক প্রভাব বিস্তার করতে শুরু করেছে। শিক্ষার্থীদের মাঝে অশিষ্ট আচরণ প্রায় ৮০ শতাংশ কমে গেছে।



Idea Pad

৬। শিক্ষার্থীদের মধ্যে লুকায়িত সুপ্ত প্রতিভাকে বিকশিত করার জন্যে গ্রহণ করেছি Idea Pad কর্মসূচি। এটি শিক্ষার্থীদের মনের খোলা জানালা। একটি স্বতন্ত্র ডায়েরিতে শিক্ষার্থীরা প্রতি দিনের সেরা মুহূর্ত ও হৃদয়স্পর্শী ঘটনা লিপিবদ্ধ করে অথবা ছবি এঁকে সুন্দর স্মৃতিগুলো ডায়েরির ক্যানভাসে তুলে ধরে। এই Idea Pad অদূর ভবিষ্যতে শিক্ষার্থীদের জন্যে স্মৃতিময় অধ্যায় হিসেবে সংগৃহীত হবে এবং তাদের সৃজনশীল প্রতিভা বিকাশের পথকে সুগম করবে।



Oracy

৭। শিক্ষার্থীদের ধীশক্তি, সাহস, আত্মবিশ্বাস, যুক্তিবাদিতা এবং অন্যের মতামতকে শ্রদ্ধার সঙ্গে গ্রহণ করার মানসিকতা অর্জনের অভিপ্রায় আমরা Oracy কার্যক্রম চালু করেছি। আমাদের গৃহীত পদক্ষেপসমূহ শিক্ষার্থীদের দারুণভাবে উজ্জীবিত করেছে এবং অভিভাবকসহ সর্বমহলে প্রশংসিত হচ্ছে।



CCTV Camera

৮। আমাদের শিক্ষার্থীরা আমাদের পবিত্র আমানত। বৈশ্বিক প্রেক্ষাপট বিবেচনায় আমরা শিক্ষার্থীদের নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দিচ্ছি। আমরা আমাদের শিক্ষার্থীদের নিশ্চিত নিরাপত্তা বিধানের লক্ষ্যে পুরো প্রতিষ্ঠানকে ১৬২ টি CCTV Camera দ্বারা সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছি।